



পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০২.০০১.১৯-৭০২


তারিখ ০৮ আষাঢ়' ১৪২৯
২২ জুন' ২০২২

বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে দেশের সকল কারাগারে গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে সারাদেশে করোনা পরিস্থিতি পুনরায় উদ্বেগজনকহারে বৃদ্ধি পাচ্ছে যা জনস্বাস্থ্য বিশেষজ্ঞগণ করোনার তৃতীয় ঢেউ হিসেবে উল্লেখ করেছেন। উক্ত পরিস্থিতিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল কারাগারে নিম্নোক্ত বিষয়গুলি নিশ্চিত করার নির্দেশ দেয়া হলোঃ

- অফিসে প্রবেশ এবং অবস্থানকালীন সময়ে বাধ্যতামূলকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরা নিশ্চিত করতে হবে। দাপ্তরিকভাবে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- প্রত্যেক কারাগারের মূল ফটকে সাবান/হ্যান্ড স্যানিটাইজার স্থানীয় ব্যবস্থাপনায় প্রস্তুত রাখতে ইতঃপূর্বের ন্যয় নির্দেশ প্রদান করা হলো। নতুন আগত বন্দিগণ যেন হাত ও মুখ অন্ততঃ ২০ সেকেন্ড ভালভাবে ধৌত করে কারাগারে প্রবেশ করে;
- কারা ফটকে শরীরের তাপমাত্রা মাপার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা (ইনফ্রারেড/থার্মোমিটার) এবং করোনার লক্ষণ দেখা দিলে তৎক্ষণাৎ পৃথক করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো;
- কারাফটকে শরীরের তাপমাত্রা মাপার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/থার্মোমিটার (সম্ভব হলে ইনফ্রারেড /থার্মোমিটার) পর্যাপ্ত সংখ্যায় রাখতে হবে এবং কারাভ্যন্তরে গমনেছু বন্দি/কারারক্ষি নির্বিশেষে সকলের দেহের তাপমাত্রা পরিমাপ করে সুস্থতা সম্পর্কে প্রাথমিকভাবে যথাসম্ভব নিশ্চিত করতে হবে;
- কারাভ্যন্তরে কর্মকর্তা/কর্মচারীসহ যে কারো প্রবেশের ক্ষেত্রে বুট/জুতা জীবাণুমুক্ত করার নিমিত্ত একটি ট্রে-তে ক্লোরিন মিশ্রিত পানি /ইথানল/স্পিরিট/পটাসিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণ প্রয়োজনীয় পরিমাণে রেখে তাতে পদার্পণ করে কারাভ্যন্তরে প্রবেশ করতে হবে;
- কারাগারগুলিতে সরবরাহকৃত স্প্রে মেশিন দ্বারা জীবাণুনাশক তরল যেমন ব্লিচিং পাউডার মিশ্রিত পানি স্প্রে করে প্রতিটি কক্ষে দিনে একবার করে জীবাণুমুক্ত করতে হবে;
- কারাগারে নতুন আগত বন্দিদের অন্ততঃ ১৪ দিন পর্যবেক্ষণে রাখার নির্দেশ প্রদান করা হলো;
- সকলে নিরাপদ সামাজিক দূরত্ব (অন্ততঃ ১ মিটার বা ৩ ফুট অথবা সম্ভব হলে ২ মিটার বা ৬ ফুট দূরত্ব) বজায় রাখবে;

- বন্দি ও কর্মকর্তা/কর্মচারী সকলকে কোলাকুলি ও করমর্দন পরিহার করতে হবে এবং নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে শুভেচ্ছা বিনিময় করতে হবে;
- দর্শনার্থীদের স্বাস্থ্যবিধি পালনের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন নিশ্চিত করতে হবে;
- কোন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে অসুস্থতার লক্ষণ দেখা দিলে তা তাৎক্ষণিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে;
- টিকা নেয়া থাকলেও বাহিরে বের হলে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে;
- সকল কর্মকর্তা/কর্মচারীকে টিকা সনদ গ্রহণ করতে হবে।



মোঃ আব্বার হোসেন

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addl.ig@prison.gov.bd

কার্যার্থে বিতরণঃ

১. কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
উল্লিখিত নির্দেশনাটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।